

সিটিজেন চার্টার

তথ্যকেন্দ্র, ঠাকুরগাঁও সদরে মহিলাদের জন্য ০৬টি বিষয়ে সম্পূর্ণ বিনামূল্যে সেবা প্রদান করা হয় যেমনঃ স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, ব্যবসা, আইনী সহায়তা এবং জেডার।

১। স্বাস্থ্য সংক্রান্ত : তথ্যকেন্দ্রসমূহ হতে বিনামূল্যে ডিজিটাল ডিভাইস ব্যবহার করে ইন্টারনেটভিত্তিক নিম্নলিখিত প্রাথমিক স্বাস্থ্য সেবাসমূহ প্রদান করা হয়

- ব্লাড প্রেসার পরীক্ষা
- ওজন পরীক্ষা
- ডায়াবেটিস পরীক্ষা
- রক্তে অক্সিজেনের পরিমাণ পরীক্ষা
- শরীরের তাপমাত্রা পরীক্ষা
-

প্রত্যেক সেবাগ্রহীতার জন্য একটি হিসাব নম্বর তৈরি করে তাকে প্রদত্ত সেবার তথ্য সেভ করে রাখা হয় এবং তার সেবা সংক্রান্ত একটি প্রতিবেদন মোবাইলে মেসেজ আকারে এবং ই-মেইলে তাকে প্রদান করা হয়। উপরন্তু সেভ করে রাখা এ তথ্য কোন সেবাগ্রহীতা পরবর্তীতে দেখতে চাইলে বা প্রিন্ট নিতে চাইলে সেটি প্রদান করা হয়।

উপরন্তু তথ্যআপা হেল্থ এ্যাপসের মাধ্যমে কোভিড ১৯ স্ক্রিনিং করা হয় এবং কোভিড বুকি বিষয়ে পূর্ভাবাস প্রদান করা হয়। এছাড়া, কোভিড ভেক্সিনেশনের নিবন্ধন করা হয়।

২। শিক্ষা সংক্রান্তঃ ইন্টারনেট ব্যবহার করে শিক্ষা বিষয়ক যে সমস্ত সেবা প্রদান করা হয়ঃ

- চাকুরীর খবর
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত তথ্য
- ভর্তি ফরম পূরণ
-

এছাড়া ক্যারিয়ার বিষয়ক পরামর্শসহ বিভিন্ন রকম সেবা প্রদান করা হয়

৩। কৃষি বিষয়ক যে সকল সেবা প্রদান করা হয়ঃ

তথ্যআপারা গ্রামীণ নারীদের প্রয়োজনীয় কৃষি সংক্রান্ত পরামর্শ প্রাপ্তিতে সহায়তা করেন। উঠান বৈঠকে কৃষি কর্মকর্তাদেরকে রিসোর্স পার্সন হিসেবে আমন্ত্রণ জানানো হয়। সেখানে গ্রামীণ নারীদেরকে কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা হয় এবং কোন নারী তার কৃষির সমস্যা সংক্রান্ত বিষয় কৃষি কর্মকর্তাকে অবহিত করে তার সমাধানে পরামর্শ পাচ্ছেন। তাছাড়া তথ্যআপারা ডোর টু ডোর সেবার আওতায় গ্রামীণ নারীদের কৃষি সংক্রান্ত সমস্যা জেনে তাদের সমস্যা আক্রান্ত কৃষির ছবি/ ভিডিও ধারণ করে উপজেলা কৃষি কর্মকর্তাদেরকে তা প্রেরণ করে পরামর্শ গ্রহণ করেন এবং নারীদেরকে প্রদান করেন।

৪। ব্যবসা সংক্রান্ত সকল সেবা